দৈনিক সংবাদ

০২ 2002

# কলেজ ছাত্র সংসদ নির্বাচনকে কেন্দ্র করে পিরোজপুর উত্তপ্ত

পিরোজপুর সরকারি সোহরাওয়ার্দী কলেজ ছাত্র সংসদ নির্বাচনকে সামনে রেখে কলেজ ক্যাম্পাস এখন উত্তপ্ত। যেকোন্ সময় ঘটতে পারে বড় ধরনের রক্তক্ষয়ী সংঘর্ষ আর এ আশঙ্কায় কলেজ কর্তৃপক্ষ ক্যাম্পাসে পুলিশ ক্যাম্পও স্থাপন করেছেন।

৩০শে জুন অনুষ্ঠিত হতে যাচ্ছে দক্ষিণ বাংলার ঐতিহ্যবাহী পিরোজপুর সরকারি সোহরাওয়ার্দী কলেজের ছাত্র সংসদ নির্বাচন। ২২শে জুন নির্বাচন কমিশন তফসিল ঘোষণা করে। ২৫শে জুন মনোনয়নপত্র দাখিল, ২৬শে জুন বাছাই এবং ২৭শে জুন প্রত্যাহারের পর মাত্র দু'দিনের ব্যবধানে নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। নির্বাচনে এ বছর দু'টি প্যানেল প্রতিদ্বন্দ্বিতা করার সম্ভাবনা রয়েছে। ছাত্রদল ও ছাত্র শিবিরের যৌথ প্যানেল এবং অন্যটি ছাত্রলীগের প্যানেল।

এ কলেজে নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে দীর্ঘদিন ধরে ছাত্রলীগ তাদের জয়ের ধারা অব্যাহত রেখেছে। এ বছরের নির্বাচনেও ছাত্রলীগ জয়ী হবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন জেলা ছাত্রলীগের সভাপতি মাকসুদুল ইসলাম লিটন। তিনি 'সংবাদ'কে জানান, নির্বাচন নিয়ে সরকার সমর্থিত ছাত্র সংগঠন সন্ত্রাস করার প্রচেষ্টা চালাচ্ছে। নির্বাচন অবাধ ও নিরপেক্ষ হলে ছাত্রলীগ পূর্ণ প্যানেলে বিজয়ী হবে। তিনি আরও বলেন, কলেজ ক্যাম্পাসে পুলিশ এনে ক্যাম্পাসকে আরও বেশি উত্তপ্ত করা হয়েছে। কলেজের অধ্যক্ষ প্রফেসর নুরুল হক জানান, নির্বাচন করার সার্বিক পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। জেলার ভারপ্রাপ্ত মন্ত্রী থেকে শুরু করে প্রায় সকলেই নির্বাচনে নিরাপত্তা দেয়ার আশ্বাস দিয়েছেন। নির্বাচনে কোন অপ্রীতিকর ঘটনা ঘটবে না বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। এদিকে কলেজ ক্যাম্পাসে রয়েছে টান টান উত্তেজনা। নির্বাচনমুখী ছাত্রছাত্রীরা যেন মারমুখী হয়ে না ওঠে, সেজন্য প্রশাসনকে আরও কঠোর হওয়ার আহ্বান জানিয়েছে সাধারণ ছাত্রছাত্রীরা।